রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১৭, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ভূমি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ/ ১৬ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নম্বর ১০৭-আইন/২০২৫।**—ভূমি আপীল বোর্ড আইন, ১৯৮৯ (১৯৮৯ খ্রিষ্টাব্দের ২৪ নম্বর আইন)-এর ধারা ৭ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা 'ভূমি আপীল বোর্ড বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) 'আইন' অর্থ ভূমি আপীল বোর্ড আইন, ১৯৮৯;

(খ) 'চেয়ারম্যান' অর্থ ভূমি আপীল বোর্ডের চেয়ারম্যান;

(গ) 'শাখা' অর্থ সুষ্ঠুভাবে বোর্ডের কর্ম সম্পাদনের জন্য গঠিত একটি কার্য ইউনিট;

(ঘ) 'সদস্য' অর্থ ভূমি আপীল বোর্ডের সদস্য; এবং

(ঙ) 'সচিব' অর্থ ভূমি আপীল বোর্ডের সচিব।

৩। **বোর্ডের কার্যবণ্টন ও পদ্ধতি।**—(১) বোর্ড ভূমি, ভূমি রাজস্ব ও ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ভূমি বিষয়ক সংশ্লিষ্ট আইনের অধীনে এবং সরকার কর্তৃক, সময়ে সময়ে, জারীকৃত সার্কুলার বা আদেশ মোতাবেক বিভাগীয় কমিশনারের আদেশের বিরুদ্ধে নিম্নবর্ণিত বিষয়ে আপীল বা রিভিশন মামলা শুনানি করিবে এবং সরকার কর্তৃক বোর্ডের নিকট প্রেরিত নিম্নবর্ণিত যে কোনো বিষয়ে পরামর্শ প্রদান করিবে, যথা:—

(ক) ভূমি সংক্রান্ত মামলা (রাজস্ব সম্পর্কীয়);


মূল্য : টাকা ৪.০০

(খ) নামজারি, জমাখারিজ ও জমা একত্রীকরণ মামলা;

(গ) সায়রাত ও জলমহাল সংক্রান্ত মামলা;

(ঘ) ভূমি রেকর্ড সম্পর্কিত মামলা;

(ঙ) ভূমি উন্নয়ন কর সার্টিফিকেট মামলা;

(চ) খাসজমি বন্দোবস্ত সংক্রান্ত মামলা;

(ছ) সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ এর অধীনে দায়েরকৃত আপীল বা রিভিশন মামলা;

(জ) অর্পিত, পরিত্যক্ত ও বিনিময় সম্পত্তি বিষয়ক মামলা;

(ঝ) ওয়াকফ বা দেবোত্তর সম্পত্তি সংক্রান্ত মামলা (উক্ত সম্পত্তি ব্যবস্থাপনা ও প্রশাসনিক বিষয় ব্যতীত);

(ঞ) অধস্তন ভূমি আদালতসমূহের কার্যক্রম পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন;

(ট) ভূমি সংক্রান্ত আইন, আদেশ ও বিধি সম্পর্কে সরকার কর্তৃক প্রেরিত বিষয়াদিতে পরামর্শ দান; এবং

(ঠ) সরকার কর্তৃক, সময়ে সময়ে, ন্যস্ত অন্যান্য দায়িত্ব পালন।

(২) চেয়ারম্যান ও সদস্যগণ যৌথভাবে পক্ষগণকে শুনানিক্রমে আপীল বা রিভিশন এবং পুনর্বিবেচনার আবেদনের উপর আদেশ প্রদান করিবেন এবং উক্ত আদেশ বোর্ডের আদেশ হিসাবে গণ্য হইবে।

(৩) বোর্ডের যে কোনো বিচার ও প্রশাসনিক ব্যবস্থা ভূমি আপীল বোর্ডের নামে গৃহীত হইবে।

(৪) পক্ষগণ স্বয়ং অথবা আইনজীবীর মাধ্যমে আপীল বা রিভিশন ও পুনর্বিবেচনার আবেদন দায়ের করিবেন।

(৫) চেয়ারম্যান বোর্ডের প্রশাসনিক ব্যবস্থাপনার উদ্দেশ্যে কয়েকটি শাখা গঠন করিবেন এবং শাখাসমূহে নির্দিষ্ট দায়িত্ব অর্পণ করিবেন।

৪। **আদেশ।**—(১) বোর্ডের নিকট দায়েরকৃত আপীল বা রিভিশন ও পুনর্বিবেচনার আবেদনে বোর্ড আদেশ প্রদান করিবেন।

(২) আপীল বা রিভিশন মামলায় আদেশ প্রদানের পূর্বে বোর্ড পক্ষগণকে নোটিশ প্রদান এবং সংশ্লিষ্ট সকল রেকর্ড তলব ও পর্যালোচনা করিতে পারিবে।

(৩) পুনর্বিবেচনার আবেদনের পক্ষগণকে নোটিশ প্রদান করিতে পারিবে।

(৪) আপীল বা রিভিশন মামলায় ন্যায় বিচারের স্বার্থে বোর্ড প্রয়োজন মনে করিলে কোনো মামলা প্রয়োজনীয় ও যথাযথ নির্দেশসহ তর্কিত আদেশ প্রদানকারী কর্তৃপক্ষের নিকট পুনঃপ্রেরণ করিতে পারিবে।

৫। **পুনর্বিবেচনার আবেদন।**—(১) পুনর্বিবেচনার আবেদনে তর্কিত আদেশে যে আইনগত ও তথ্যগত বিষয়াবলি সম্পূর্ণভাবে বিবেচিত হয় নাই তাহা উল্লেখপূর্বক পক্ষগণ স্বয়ং অথবা আইনজীবীর মাধ্যমে বোর্ডের নিকট পুনর্বিবেচনার বিষয়সমূহ নির্দিষ্ট করিয়া পুনর্বিবেচনার আবেদন করিতে পারিবে।

(২) বোর্ড কর্তৃক পুনর্বিবেচনার আবেদনের উপর প্রদত্ত আদেশ এবং উপ-বিধি (১) এর বিধান সাপেক্ষে আপীল বা রিভিশন মামলায় প্রদত্ত আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৬। **কার্য পরিচালনা।**—(১) বোর্ড সচিবালয় নির্দেশমালা ও অপরাপর প্রচলিত সরকারি আদেশ মোতাবেক কার্য সম্পাদন করিবে এবং প্রয়োজনে সরকারের নির্দেশনা বা অনুমোদন চাহিবে।

(২) বিধি, ক্ষমতা ও সরকারি আদেশ ও নির্দেশনার আওতা বহির্ভূত বিষয়ে বোর্ড সরকারের নিকট নির্দেশনার জন্য উপস্থাপন করিবে।

৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) ভূমি আপীল বোর্ড বিধিমালা, ১৯৯০, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

(ক) কৃত কোনো কার্য, গৃহীত কোনো ব্যবস্থা, প্রদত্ত কোনো আদেশ, পরামর্শ এবং বিজ্ঞপ্তি বৈধ বলিয়া গণ্য হইবে; এবং

(খ) কোনো কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এইরূপভাবে অব্যাহত থাকিবে যেন উক্ত বিধিমালা রহিত হয় নাই।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ এস এম সালেহ আহমেদ**
সিনিয়র সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd